

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
লাকসাম, কুমিল্লা।

www.food.laksam.comilla.gov.bd
e-mail:-ucf.cml.laksam@dgfood.gov.bd

স্মারক নং- ৫৯৯

তারিখঃ ২১/০৮/২০২২ খ্রিঃ।

প্রাপক, চেয়ারম্যান, (সকল), ইউনিয়ন পরিষদ।

ও


সভাপতি,
ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটি,
লাকসাম, কুমিল্লা।

বিষয়ঃ- খাদ্যবান্ধব কর্মসূচির তালিকা অনলাইন যাচাই বাচাই করণ ৩১/০৮/২২ ইং এর মধ্যে সম্পন্ন করণ এবং আগামী সেপ্টেম্বর/২২ ইং মাসের বরাদ্দকৃত চাল ৩১/০৮/২২ ইং তারিখের যাচাইকৃত তালিকার ভিত্তিতে বিলি বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় (১৫/- টাকা কেজি চালের) ডিজিটাল তালিকা অনলাইন ডাটাবেজ প্রণয়ন কার্যক্রম চলমান আছে। আপনার ইউনিয়ন থেকে প্রেরিত হালনাগাদকৃত তালিকা খাদ্যবান্ধব ডাটাবেজে গত ১৫/০৭/২০২২ ইং তারিখে আপলোড করে নিশ্চিত করা হয়েছে। আপনার ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাকে অনলাইন তালিকা যাচাই বাচাই করতে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও নির্দেশনা দেওয়া হয়েছে।

খাদ্য অধিদপ্তরের নির্দেশনা অনুসারে আগামী ৩১/০৮/২০২২ ইং তারিখে মধ্যে উদ্যোক্তাগণ যে পরিমান কার্ড যাচাই বাচাই করতে পারবেন, ঠিক সেই পরিমান চাল আগামী সেপ্টেম্বর/২২ ইং মাসে নিয়োগকৃত ডিলারের মাধ্যমে বিতরণ করা হবে। কোন ভোক্তা যাচাই এর কারণে যথাসময়ে চাল না পাইলে, সংশ্লিষ্ট খাদ্য অফিস কোনভাবে দায়ী থাকবেনা।

এমতাবস্থায়, সকল উদ্যোক্তাগণকে দিয়ে আগামী ৩১/০৮/২০২২ ইং তারিখের মধ্যে অনলাইন যাচাই বাচাই এর কাজ শেষ করতে বিশেষভাবে অনুরোধ করা হলো।


ফরিদ আহমদ
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
লাকসাম, কুমিল্লা।

e-mail:- ucf.cml.laksam@dgfood.gov.bd

স্মারক নং:- ৫৯৯ /১(০৪)

তারিখ: ২১/০৮/২০২২ ইং।


সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:-

০১। উপজেলা নিবাহী অফিসার, ও সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, লাকসাম, কুমিল্লা।

০২। সচিব, (সকল), ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা।

০৩। উদ্যোক্তা, (সকল), ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা।

০৪। অফিস কপি।


উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
লাকসাম, কুমিল্লা।

d/forwarding